

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ২। ভক্তবৃন্দ সঙ্গে লয়ে কীর্তন রূপ হরি,
 প্রেমানন্দে, কর কীর্তন, আমি শ্রবণ করি।
 প্রেমানন্দে ভাসিব, হাসিব, কাঁদিব,
 প্রেম সাগর অতল নীরে, ডুব দিব বিরাগ ভরে।
 পুনঃ ফিরে না আসিব ঘরে, (হায় গো)
 দেখব ও রূপ নয়ন ভরে, বাসনা মম হৃদয় ॥
- ৩। উচ্চৈশ্বরে কর কীর্তন, খোল করতাল লয়ে,
 আমার মন পাষণ্ড, হব দলন, সে ধ্বনি শুনিয়ে।
 শুনে হরি সিংহ রব, পালাইবো রিপু সব।
 সিংহ ডরে যেন করী ধায় (হায় গো)
 কাম রিপু হবে পরাজয়, কি করবে রবির তনয় ॥
- ৪। হৃদি আকাশ ঈষণ কোণে, হও এসে উদিত,
 অনুক্ষণ বরিষণ কর প্রেমামৃত।
 মন মতি চকোর, সুধা পিয়ে বিভোর,
 পিয়ে হরি প্রেম সুধা ঘুটাইবে ভবক্ষুধা,
 মায়া ধাঁ ধাঁ হবে বিসর্জন (হায় গো)
 দেখবি ও রূপ ভুবন মোহন, মোহন চূড়া হেল্বে বায় ॥
- ৫। গোলোকচন্দ্র, তারকচন্দ্র, প্রেমিক মহানন্দ,
 অন্তরঙ্গ ভক্ত লয়ে, করে প্রেমানন্দ।
 প্রেমানন্দ আসিবে, নিরানন্দ নাশিবে,
 কলির কলুষ দাগ, যাবে দশ ইন্দ্রিয় যাগ।
 অনুরাগে ছাড়, ছুঙ্কার (হায় গো)
 অশ্বিনী তোর মনের বিকার ঘুচবে শ্রীগুরুর কৃপায় ॥